বৈরী আবহাওয়ায় সেন্টমার্টিনে আটকা দেড় হাজার পর্যটক



ছবি: সংগৃহীত

খারাপ আবহাওয়ার কারণে কক্সবাজার-সেন্টমার্টিন নৌপথে জাহাজ চলাচল বন্ধ রয়েছে। এতে প্রবালদ্বীপে আটকা পড়েছেন প্রায় দেড় হাজার পর্যটক। নির্ধারিত সময়ে ফিরতে না পেরে বাড়তি হোটেল ও খাবারের খরচ গুনতে হচ্ছে তাঁদের। একই সঙ্গে ফেরার বাসসহ বিভিন্ন পরিবহনের আগাম বুকিং নিয়েও বিপাকে পড়েছেন অনেকে।

পর্যটকদের কয়েকজন জানান, দুই দিনের ভ্রমণ শেষে নির্ধারিত সময়ে কক্সবাজার ফেরার কথা ছিল তাঁদের। কিন্তু জাহাজ না ছাড়ায় দ্বীপেই থাকতে হচ্ছে। এতে বাসের টিকিট বাতিল করতে হয়েছে, পাশাপাশি বাড়তি খরচও বেড়েছে। পরিবারের সদস্যরাও তাঁদের নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন।

জাহাজ মালিক সমিতির তথ্য অনুযায়ী, সর্বশেষ বুধবার চারটি জাহাজে ১ হাজার ২০০ পর্যটক সেন্টমার্টিনে যান। এর আগে থেকেই দ্বীপে ছিলেন আরও তিন শতাধিক পর্যটক।

আটকে পড়া পর্যটকদের জন্য আবাসন ও খাবারের খরচে ছাড় দিচ্ছেন স্থানীয় হোটেল ব্যবসায়ীরা। হোটেল ও কটেজে ভাড়ার পাশাপাশি খাবারেও সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত ছাড় দেওয়া হচ্ছে।

LENS ASIA

এক হোটেল ব্যবসায়ী জানান, দ্বীপের বিভিন্ন হোটেল ও কটেজে এক হাজার থেকে দেড় হাজার পর্যটক রয়েছেন। তাঁদের থাকা নিয়ে বড় কোনো সমস্যা হচ্ছে না। আরেক ব্যবসায়ী বলেন, ২৪ ঘণ্টা জেনারেটর চালাতে জ্বালানি খরচ হলেও পর্যটকদের সামর্থ্য অনুযায়ী ছাড় দেওয়া হচ্ছে।

প্রশাসন জানিয়েছে, সাগরের পরিস্থিতি স্বাভাবিক হলে আবারও জাহাজ চলাচল শুরু হবে।